

২৫ সেপ্টেম্বর

**এশিয়ান ভার্সিটির সমাবর্তন**

**দক্ষ ও শিক্ষিত মানবসম্পদের মাধ্যমে বিশ্বায়নের চ্যালেঞ্জ মোকাবেলা করুন ॥ রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি প্রফেসর ড. ইয়াজ্জউদ্দিন আহমেদ জ্ঞানভিত্তিক একটি সুবী সমৃদ্ধ সমাজ গড়ে তুলতে কার্যকর অবদান রাখার জন্য সর্বশ্রেষ্ঠ সকলের প্রতি আহ্বান জানিয়েছেন। রাষ্ট্রপতি রবিবার সকালে বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে এশিয়ান ইউনিভার্সিটির চতুর্থ সমাবর্তন অনুষ্ঠানে সভাপতির ভাষণে এ আহ্বান জানান। তিনি চ্যাপেলের হিসাবে এর উদ্বোধনও ঘোষণা করেন। স্ববর বাসসর। প্রফেসর ইয়াজ্জউদ্দিন আহমেদ জাতিকে সঠিক পথে পরিচালিত করার উপযোগী নেতৃত্ব গঠনে ভবিষ্যত প্রজন্মকে শিক্ষা, আদর্শ ও নৈতিকতার ভিত্তিতে গড়ে তোলার আহ্বান জানান। তিনি বলেন, একটি উন্নয়নশীল দেশ হিসাবে আমাদের দ্রুত ও টেকসই উন্নয়ন নিশ্চিত করতে বিপুলসংখ্যক শিক্ষিত ও দক্ষ মানবসম্পদের প্রয়োজন। তিনি বর্তমান প্রতিযোগিতামূলক বিশ্বব্যবস্থার কথা উল্লেখ করে বলেন, একটি জাতি শুধু দক্ষ ও শিক্ষিত মানবসম্পদের মাধ্যমে বর্তমান বিশ্বায়নের চ্যালেঞ্জ মোকাবেলা করতে পারে। এ জন্য নৈতিকতা ও সামর্থ্যসহ সার্বিক দক্ষতা অর্জন করতে হবে। রাষ্ট্রপতি বলেন, আমি বিশ্বাস করি যে, নৈতিকতা ছাড়া শুধুমাত্র শিক্ষা মানুষকে পরিপূর্ণ ও জাতির আশা-আকাঙ্ক্ষার উপযোগী করে গড়ে তুলতে পার না। ফলে শিক্ষা ব্যবস্থায় অবশ্যই নৈতিকতা ও মূল্যবোধ শিক্ষার ব্যবস্থা রাখতে হবে। এটা প্রাথমিক শিক্ষা থেকেই শুরু করতে হবে বলে তিনি উল্লেখ করেন। রাষ্ট্রপতি শিক্ষাপ্রতিষ্ঠানকে শিক্ষার্থীর দ্বিতীয় বাড়ি হিসাবে উল্লেখ করে বলেন, জাতির বহুরূপে ধর্মের সুরক্ষাসাহী

দৃষ্টিভঙ্গি সম্পন্ন একটি প্রজন্ম গড়ে তোলার দায়িত্ব শিক্ষাপ্রতিষ্ঠান এবং শিক্ষককেই নিতে হবে। তিনি শিক্ষক হিসাবে নিজের কথা উল্লেখ করে বলেন, "শিক্ষকতা জীবনে আমি এ চেঁচাই করে এসেছি।" তিনি আরও বলেন, আমি বিশ্বাস করি যে, শিক্ষকরা সমাজের প্রতি দায়বদ্ধতা থেকে একটি সমৃদ্ধ ও আদর্শ জাতি গড়ে তুলতে যথায়থভাবে তাঁদের দায়িত্ব পালন করে যাবেন। অনুষ্ঠানে সমাবর্তন বক্তা ছিলেন বিচারপতি মোস্তফা কামাল। এছাড়া অনুষ্ঠানে এশিয়ান ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. আবুল হাসান মোহাম্মদ সাদেক বক্তৃতা করেন। এর আগে রাষ্ট্রপতি রবিবার সকালে সমাবর্তনস্থলে উপস্থিত হলে এশিয়ান ইউনিভার্সিটির উপাচার্য, পরিচালনা পর্ষদের সদস্য এবং শিক্ষকগণ তাঁকে অভ্যর্থনা জানান। পরে তিনি সমাবর্তন শোভাযাত্রাসহ মঞ্চে উপবেশন করেন। সমাবর্তন অনুষ্ঠানে রাষ্ট্রপতি কৃতিত্বের সঙ্গে উদ্বোধন শিক্ষার্থীদের স্বর্ণপদক প্রদান করেন। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে রাষ্ট্রপতির কার্যালয়ের সচিব মোঃ সিরাজুল ইসলাম ও রাষ্ট্রপতির প্রেস সচিব আবদুল আউয়াল হাওলাদার উপস্থিত ছিলেন।